# বাংলাদেশ পানিউন্নয়ন বোর্ড
## BANGLADESH WATER DEVELOPMENT BOARD

বোর্ড সচিবালয়
পানি ভবন (লেভেল-৭), ৭২ গ্রীন রোড, ঢাকা- ১২০৫
ফোন:+৮৮ ০২ ২২২২৩০০৫৩
ই-মেইল: bwdbsecretary@gmail.com
ওয়েব সাইট: www.bwdb.gov.bd

Board Secretariat
PaniBhaban (Level-7), 72 Green Road, Dhaka-1205
Phone: +88 02 222230053
E-mail: bwdbsecretary@gmail.com
Website: www.bwdb.gov.bd

স্মারক নং- ৪২.০১.০০০০.০০৪.৯৯.০৩৫.২৪-২৬৫

তারিখ: ১৩ আশ্বিন, ১৪৩২ বঙ্গাব্দ
২৮ সেপ্টেম্বর, ২০২৫ খ্রিষ্টাব্দ

## দপ্তরাদেশ

"সিরাজগঞ্জ জেলার শাহজাদপুর উপজেলাধীন ব্রাহ্মণগ্রাম-হাটপাঁচিল ও তৎসংলগ্ন এলাকায় যমুনা নদীর ডানতীরে সংরক্ষণ এবং বেতিল স্পার-১ ও এনায়েপুর স্পার-২ শক্তিশালীকরণ কাজ (১ম সংশোধিত)" শীর্ষক প্রকল্পের আওতায় (Package No: BHP-10, e-GP Tender ID No: 603019) এর নদী তীর সংরক্ষণ কাজটি সম্পাদনের লক্ষ্যে দরপত্র আহবান করে স্মারক নং-ডব্লিউ-১/২৯৭৪, তারিখঃ ২৩/১১/২০২১ খ্রিঃ মোতাবেক S. S. Engineering & Construction Ltd., Address: Rupayan Trade Center (6th Floor), 114, Kazi Nazrul Islam Avenue, Banglamotor, Dhaka-1000, কে কার্যাদেশ প্রদান করা হয়। ঠিকাদারী প্রতিষ্ঠান তাঁর দাখিলকৃত কর্মপরিকল্পনা মোতাবেক চুক্তি পত্রের GCC Clause 43 অনুসারে Pro Rata Progress অর্জনে ব্যর্থ হওয়ায় ও দীর্ঘ দিন কাজ বন্ধ রাখায় বা কাজটি বাস্তবায়নের উদ্যোগ গ্রহণ না করায় GCC Clause 89 (a) ও GCC Clause 89 (b) অনুযায়ী "Fundamental Breach of Contract" এর আওতায় পড়ায় মহাপরিচালক, বাপাউবো, ঢাকা মহোদয়ের অনুমোদনক্রমে বর্ণিত কাজটির কার্যাদেশ/চুক্তি বাতিল করা হয়।

২। প্রকল্পের বর্ণিত কাজের চুক্তিমূল্য ২৫,৫৩,৫১,৮৬৯.৪৫২ টাকা ও চূড়ান্ত পরিমাপ মোতাবেক উক্ত ঠিকাদার কর্তৃক সম্পাদিত কাজের মূল্য ৩,৭৯,১৬,০২৯.৩৯০ টাকা। অবশিষ্ট কাজের মূল্য (২৫,৫৩,৫১,৮৬৯.৪৫২-৩,৭৯,১৬,০২৯.৩৯০)=২১,৭৪,৩৫,৮৪০.০৬২ টাকা। দরপত্রের Contract document এর Section-4; Particular Condition of Contract (PCC) এর Clause-90.1 অনুসারে Payment upon termination; "the percentage to apply to contract value of the works not completed, representing the PE's additional cost for completing the uncompleted works, is 10 percent" শর্ত আরোপ আছে এবং সেই মোতাবেক ঠিকাদারের নিকট পাওনা রয়েছে ২,১৭,৪৩,৫৮০.০০১ টাকা। ঠিকাদারের ৫% Performance Security হিসেবে ১,২৭,৬৭,৫৯৩.৪৭০০ টাকা আদায় করা হয়েছে। এছাড়া নিরাপত্তা জামানত ১৬,৭২,৯০০.০০ টাকা ও সর্বশেষ বিল হতে ৩৮,০৯,২০০.০০ টাকাসহ সর্বমোট ১,৮২,৪৯,৬৯৩.৪৭০ টাকা আদায় করে সরকারী কোষাগারে জমা প্রদান করা হয়েছে। উক্ত ঠিকাদারের নিকট আরও অবশিষ্ট পাওনা রয়েছে। সিরাজগঞ্জ পানি উন্নয়ন বিভাগে বর্ণিত ঠিকাদারের অন্যকোন কাজ না থাকায় অবশিষ্ট টাকা আদায় করা সম্ভব হচ্ছে না বিধায় বাপাউবো'র অন্য কোন দপ্তরে চলমান কাজ হতে করা একান্ত প্রয়োজন।

৩। S. S. Engineering & Construction Ltd., Address: Rupayan Trade Center (6th Floor), 114, Kazi Nazrul Islam Avenue, Banglamotor, Dhaka-1000 এর বাপাউবো'র অন্যকোন ক্রয়কারী দপ্তরে কাজ চলমান থাকলে আগামী ২ (দুই) কর্মদিবসের মধ্যে ই-মেইলে (bwdbsecretary@gmail.com) বিস্তারিতভাবে বোর্ড সচিবালয়ে প্রেরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ জানানো হলো।

৪। যথাযথ কর্তৃপক্ষের নির্দেশক্রমে এ আদেশ জারী করা হলো।

(ওবায়দুল ইসলাম)
পরিচালক (বোর্ড)

**অনুলিপি (কার্যার্থে) (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):**

১। প্রধান প্রকৌশলী/অতিরিক্ত প্রধান প্রকৌশলী (সকল)..........................বাপাউবো..................।
২। তত্ত্বাবধায়ক প্রকৌশলী (সকল)...................................বাপাউবো.................।
৩। চীফ স্টাফ অফিসার টু মহাপরিচালক, বাপাউবো, ঢাকা।

অপর পৃষ্ঠায় দ্রষ্টব্য

৪। সিনিয়র সিস্টেম এনালিস্ট, কেন্দ্রীয় আই.সি.টি. পরিদপ্তর, বাপাউবো, ঢাকা (দপ্তরাদেশটি বোর্ডের ওয়েবসাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো)।

৫। নির্বাহী প্রকৌশলী (সকল)........................................বাপাউবো.................।

৬। ব্যক্তিগত সহকারী, অতিরিক্ত মহাপরিচালক (প্রশাসন/অর্থ/পূর্ব রিজিয়ন/পশ্চিম রিজিয়ন/পরিকল্পনা, নকশা ও গবেষণা), বাপাউবো, ঢাকা।

ডায়েরী নং [illegible]
সিস্টেম এনালিস্ট
প্রোগ্রামার ১/২
সহকারী প্রোগ্রামার ১/২/৩/৪
নেটওয়ার্ক প্রকৌশলী
হিসাব করণিক
অফিস সহায়ক কাম-কম্পিউটার মুদ্রাক্ষরিক

তারিখঃ ২৯/৯/২৫
জরুরী/অতি জরুরী
প্রয়োজনীয় ব্যবস্থা নির্ন
নথিতে পেশ করুন
আলোচনা করুন
নথিতে রাখুন

২৯/০৯/২০২৫
সিনিয়র সিস্টেম এনালিস্ট
কেন্দ্রীয় আইসিটি পরিদপ্তর, বাপাউবো, ঢাকা।